দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 21 2002

পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫

# শিক্ষা প্রতিমন্ত্রীর লেখা বই ক্রয় সংক্রান্ত তথ্য সঠিক নয়

**তথ্য বিবরণী ঃ** শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে বিভিন্ন সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ক্রয়কৃত পুস্তক সম্পর্কিত বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত রিপোর্টের প্রতি শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহছানুল হক মিলনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। রিপোর্টে শিক্ষা প্রতিমন্ত্রীর লেখা বই ক্রয়ের জন্য মনোনীত হয়েছে বলে যে তথ্য দেয়া হয়েছে তা সঠিক নয়।

প্রকৃত সত্য হচ্ছে– প্রতিমন্ত্রীর লেখা কোন বই ক্রয় কমিটিতে জমা দেয়া হয়নি। কেউ যদি প্রতিমন্ত্রীর নামে কোন বই ক্রয় কমিটিতে জমা দিয়ে থাকেন এবং ক্রয় কমিটি তা অনুমোদন করে তার জন্য প্রতিমন্ত্রী দায়ী নন এবং তিনি বিষয়টি সম্পর্কে অবহিত নন।